

যায়যায়দিন

তারিখ ... 24 MAR 1974 ...
পৃষ্ঠা ... ১ ...

তারি শিক্ষক সমিতিতে ছাত্রদলের চিঠি

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

ঢাবিতে ছাত্রদল ঘোষিত ছয় দফা দাবি আদায়ের কর্মসূচি শেষ হয়েছে গতকাল। তবে নির্ধারিত শেষদিনে শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় কর্মসূচি থাকলেও তা হয়নি। মতবিনিময়ের নতুন তারিখ নির্ধারণ করতে ছাত্রদল শিক্ষক সমিতিতে চিঠি দিয়েছে।

ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি আজিকুল বরী হেলাল জানান, প্রাথমিকভাবে শুধু জাতীয়তাবাদী আদর্শে বিশ্বাসী শিক্ষকদের প্যানেল 'সাদা দলের' সঙ্গে তাদের মতবিনিময় করার কথা ছিল। কিন্তু পরে সব শিক্ষকদের সঙ্গে মতবিনিময় করার সিদ্ধান্ত হয়। এ পরিস্থিতিতে গতকাল শিক্ষক সমিতি বসার চিঠি দেয়া হয়েছে। তাদের দেয়া নির্ধারিত দিনে

মতবিনিময় করে কর্মসূচি দেয়া হবে। তিনি আরো জানান, কর্মসূচি ঘোষণার জন্য অল্প যে সংবাদ সংগ্রহন ডাক হয়েছিল তা স্থগিত করা হয়েছে।

ছাত্রদল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও হলে সহায়বহান, নির্যাতনকারী ছাত্রলীগের ক্যাডারদের যথাযথ শাস্তি বিধান, নির্মুক্তিত ছাত্রদল নেতাকর্মীদের ক্ষতিপূরণ প্রদান, ডিসির একটি দলের প্রতি পক্ষপাতমূলক আচরণ বন্ধসহ ছয় দফা দাবিতে ২৫ মার্চ উপাচার্য বরাবর স্বাক্ষরকলিপি দেয়। একই সঙ্গে দফাগুলো বাস্তবায়নের দাবিতে, সপ্তাহব্যাপী কর্মসূচি ঘোষণা করে তারা। এ দফাগুলো, বাস্তবায়নের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ২৩ মার্চ পর্যন্ত সময় বেঁধে দেয়।